কাজিপুর ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করলেন এডিসি

মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আবু সাঈদ মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেছেন।

বৃহস্পতিবার দুপুরের দিকে অতিরিক্ত জেলা প্রশাসক কাজীপুর ভূমি অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সেখানে সেবা নিতে আসা মানুষজনের সাথে কথা বলেন। ভূমি অফিসের অন্যান্য কর্মকর্তাগণ এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

দুর্নীতির পাহাড়, তবুও বহাল কালাম মাষ্টার

মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আযাদের বিরুদ্ধে দুর্নীতির পাহাড় জমলেও শিক্ষা কর্মকর্তাদের নির্বীকারের কারণে বহাল তবিয়তেই এখনো রয়েছেন তিনি। তৎকালীন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিনয় কুমার চাকী,সদ্য বিদায়ী ম্যানেজিং কমিটির সভাপতি গোলাম মোস্তফা শান্তিও এ সকল দুর্নীতির মদদদাতা বলে অভিযোগ উঠেছে। সম্প্রতি জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেনের কর্মকান্ড নিয়েও প্রশ্ন উঠেছে।

নিয়োগ বানিজ্য, শিক্ষকদের বেতনের টাকা আত্মসাৎ, একই পদে একাধিক শিক্ষক নিয়োগ, স্ত্রীকে তিন পদে নিয়োগ দেওয়া, নিয়োগ বানিজ্য করে সম্পত্তি ক্রয় সহ এক ডজন দুর্নীতির অভিযোগ আবুল কালাম আযাদের বিরুদ্ধে। এছাড়া একটি হত্যা মামলার প্রধান আসামি হিসেবে মামলাটি চলমান রয়েছে।

অভিযোগ গুলো মধ্যে রয়েছে, মো: মসিউর রহমান মেহেরপুর সদর উপজেলা বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক

তার স্ত্রী মোছা: শারমিন নাহার একই বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা (বাংলা) প্রধান শিক্ষকের কুচর্ক্রীর কারণে এমপিও থেকে বাদ পড়েছেন।

অথচ ২০০৩ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠার সময় ৫১ শতক জমির মধ্যে ৪০ শতক জমি দান করেছেন মসিউর রহমানের পিতা মোঃ আব্দুল হামিদ বিশ্বাস। জমি দান এবং নগদ ৫৯ হাজার টাকা দিয়েও প্রধান শিক্ষক আবুল কালাম আযাদের কুচক্রীর কারণে তাদের দুজনের কেউই এমপিও ভুক্ত হতে পারেননি। এমপিও ভুক্ত হতে না পেরে দুজনেই উচ্চ আদালতে রিট করি। আরেক জন শিক্ষক মোঃ আব্বাস আলী এমপিও ভুক্ত হতে না পেরে উচ্চ আদালতে রিট করেছেন যার নং ১৫১৯৬/২০১৯ এবং ১৫১৯৭/২০১৯।

২০১৯ ইং সালে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে একটি সুপারিশ পত্র পাঠান শিক্ষক কর্মচারী এমপিও করণের জন্য। সেখানে প্রধান শিক্ষকের স্ত্রীকে তিন পদে নিয়োগ দেখিয়েছেন। সুপারিশ পত্রটি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিনয় কুমার চাকী স্বাক্ষর করে জেলা শিক্ষা অফিসে পাঠিয়েছেন। মোঃ শরিফুল ইসলাম রাজনগর দাখিল মাদ্রাসায় ২০২০ সালের মে মাস পর্যন্ত বেতন তুলেছেন।

একই সাথে বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষক হিসেবে বর্তমানে বেতন তুলছেন। সভাপতির ছেলে মোঃ সাদ্দাম হোসেন সদর উপজেলায় একটি বাড়ি একটি খামার প্রকল্পে চাকুরী করেছেন ২০২০ ইং সালের ৩০শে জুন পর্যন্ত। বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে বর্তমানে বেতন তুলছেন। মোঃ শরিফুল ইসলাম (ধর্ম) দরবেশপুর দাখিল মাদ্রাসায় চাকুরী করে বেতন তুলেছেন ২০১৫ সাল পর্যন্ত।

বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে বর্তমান বেতন ভাতা তুলছেন। বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ একই পদে ২০০৩ ইং ২ জন শিক্ষককে নিয়োগ দিয়েছেন। মোঃ আব্দুস সবুরকে গণিত শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছেন ২০০৩ ইং সালে। কিন্তু উনি এসেছেন ২০১০ সালের পরে। মোঃ শাহ আলম সহকারী শিক্ষক (বিজ্ঞাণ) উনি বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে কোন দিনই আসেননি, অথচ এমপিও ভুক্ত হয়ে বেতন ভাতা তুলছেন। ৬ষ্ঠ শ্রেণীর শাখা শিক্ষক হিসেবে প্রধান শিক্ষক নিয়োগ দিয়েছেন জাফরুল ইসলামকে।

তিনিও এমপিও হওয়ার আগ মুহূর্ত পর্যন্ত কোন দিনই বিদ্যালয়ে আসেননি। তিনিও এমপিও ভুক্ত হয়েছেন এবং বেতন ভাতা তুলছেন।৭ম শ্রেণীর শাখা শিক্ষক হিসেবে মোছাঃ জাহানারা খাতুন নিয়োগ

পেয়েছেন। তিনিও কোনদিন প্রতিষ্ঠানে আসেননি, অথচ এমপিও ভুক্ত হয়ে বেতন ভাতা তুলছেন। মোঃ আনিছুর রহমানকে শরীর চর্চা শিক্ষক পদে নিয়োগ পেয়েছেন। তিনিও ২০২০ সাল পর্যন্ত কোনদিন বিদ্যালয়ে আসেননি অথচ এমপিও ভুক্ত হয়ে বেতন তুলছেন।

প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ যে সমস্ত শিক্ষক কর্মচারীদের এমপিও করেছেন এখনও পর্যন্ত তাঁদের হাতে নিয়োগ ও যোগদান পত্র দেননি। শিক্ষক কর্মচারীদের বকেয়া বেতন তোলার সময় প্রত্যেকের কাছ থেকে স্বাক্ষর যুক্ত চেকের পাতা জমা নিয়েছেন। প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ তার পরিবারের ৪ জন ব্যক্তিকে বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে এমপিও ভুক্ত করেছেন। প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ নিয়োগ বাণিজ্য করে ২০০৩ ইং সাল থেকে অদ্যাবধি অট্টালিকাসহ কোটি টাকা সম্পদের মালিক হয়েছেন।

উচ্চ আদালতে মোঃ মশিউর রহমান, শারমীন নাহার ও আব্বাস আলীর রিট থাকা সত্বেও সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিনয় কুমার চাকী ও জেলা শিক্ষা অফিস কিভাবে এমপিও ভুক্তির জন্য আবেদন পাঠালেন সেটা নিয়েও প্রশ্ন দেখা দিয়েছে।

বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ, আলাউদ্দিন হত্যা মামলার প্রধান আসামি। মামলা নং ৫৩/০৬।

বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ কমপক্ষে ৭ জন শিক্ষককে এমপিও ভুক্তি না করে, নতুন শিক্ষকদের টাকার বিনিময়ে এমপিও ভুক্ত করেছেন। ২০১৯ সালে উপজেলা মাধ্যমিক অফিসার আনারুল ইসলাম অডিটের সময় শিক্ষক হাজিরা খাতায় ৮ জন শিক্ষক কর্মচারীর নাম পান কিন্তু ২০২০ সালে প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ অরও ৯ নতুন জন শিক্ষককে এমপিও ভুক্তি করিয়েছেন।

বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আযাদ জামাত-বিএনপির শিক্ষক-কর্মচারী নিয়োগ দিয়ে রাজত্ব কায়েম করছেন।

এ ধরণের বিভিন্ন অভিযোগের পাহাড় তার বিরুদ্ধে থাকলেও অর্থেও বিনিময়ে তিনি এখন পর্যন্ত সবাইকে ম্যানেজ করে পার পেয়ে যাচ্ছেন। এনিয়ে মেহেরপুর প্রতিদিন এ সিরিজ প্রতিবেদন প্রকাশিত হলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের খুলনা বিভাগীয় উপপরিচালক নীভা রানি পাঠক জেলা শিক্ষা কর্মকর্তাকে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। কিন্তু একটি নাম মাত্র তদন্ত কমিটি করে ৭দিনের মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ

দেওয়া হলেও কয়েক সপ্তাহ পার হয়েছে কিন্তু কোন প্রতিবেদন জমা দেয়নি তদন্ত কমিটি।

এ ব্যাপারে তদন্ত কমিটির সদস্য ইছাহাক আলী জানান, আমরা আগামি সপ্তাহে তদন্ত কমিটি জমা দেব।

এ ব্যাপারে জেলা শিক্ষা কর্মকর্তা মাহফুজুল হোসেন কাছে জানতে চাওয়া হলে তিনি সাংবাদিককে উল্টো প্রশ্ন করেন এতে আপনার এত ইন্টারেস্ট কেন? তদন্তের কথা না বলে এ প্রতিবেদকের সাথে রূঢ় আচরণ করেন।

তাঁর এ আচরণের মাধ্যমে প্রমাণ করে তিনিও আবুল কালাম আযাদের উপঢৌকন পেয়ে সুর পাল্টাচ্ছেন।

দর্শনায় স্বপ্নের বাড়ি করে মহিউদ্দিন তার পরিবার নিয়ে চরম বিপাকে

স্বপ্নের বাড়ি করে মহিউদ্দিন তার পরিবার নিয়ে চরম বিপাকে পড়েছে।

সুবিচার পাওয়ার জন্য গতকাল বৃহস্পতিবার মৃত তনু মল্লিকের ছেলে মধুর বিরুদ্ধে অবশেষে দর্শনা পৌর মেয়র বরাবর আবেদন করলেন মহিউদ্দিন।

দর্শনা পৌরসভার ৯নং ওয়ার্ডের আজিমপুর স-মিল পাড়ায় জাহাঙ্গীর আলমের নিকট থেকে মহিউদ্দিন গত দুই বছর আগে ১০লাখ টাকার ৪কাঠা ক্রয় করে। শ্যামপুর মৌজা, খতিয়ান নং-৭৮২, হোল্ডিং নং-২০৪০। এর মধ্যে ৩কাঠা জমির উপর দুই-তলা বাড়ি নিমার্ণ করেন।

এ পর্যন্ত সব কিছু ঠিক ঠাক ছিলো। বাড়ির সামনে প্রায় ১৩/১৪ ফিট রাস্তাও আছে। গত ১০/০৮/২০২০ তারিখে শ্যামপুর গ্রামের মৃত তনু মল্লিক এর ছেলে দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট ঐ রাস্তার জমি তার পৈত্রিক সম্পত্তি দাবী করে মহি উদ্দিনের

ঘর থেকে বের হওয়ার পথে বাঁশের রেলিং করে ঘিরে দেয়।

ফলে মৃত আবুল কাশেমের ছেলে মহিউদ্দিন তার স্ত্রী ও দুই সন্তান বাড়ি থেকে বের হতে কষ্ট পোহাতে হচ্ছে বলে মহিউদ্দিন জানান। এছাড়া পরিবার পরিজন নিয়ে অতংকের মধ্যে দিন কাঠাচ্ছে।

তিনি আরো দাবী করেন তাকে নানা ধরণের হুমকি-ধামকি দিচ্ছে। এ বিষয়ে যুবলীগ নেতা আব্দুল হান্নান ছোটর নিকট মহির বাড়ি ঘিরে দেওয়ার বিষয় জানতে চাইলে তিনি বলেন, আমার পৈত্রিক সম্পতি আমার জমি দিয়ে তো কাউকে যেতে দেব না। আমাদের জমি আমরা ঘিরে নিয়েছি।

এদিকে মহিউদ্দিন মানবধিকার কর্মী ও সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট নিরাপত্তা চেয়ে সমস্যর সমাধন করে শান্তিপূর্ণভাবে যাতে বসবাস করতে পারে সেই দাবী করেছেন।

দর্শনার আদিবাসী পাড়ায় ৩দিন ব্যাপী মনসা পূজা অনুষ্ঠিত হচ্ছে

দর্শনার আদিবাসী পাড়ায় ৩দিন ব্যাপী মনসা পূজা অনুষ্ঠিত হচ্ছে। এ মনসা পূজা উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এর মধ্যে মদনা গ্রামের মজিবার ও তার দল এবং সদাবরী গ্রামের একতা সংর্ঘের সোহেল রানার দলের মধ্যে দিন ব্যাপী ঝাপান গানের পাল অনুষ্ঠিত হয়।

পূজা কমিটির সভাপতি শংকর মন্ডল ও শ্যামল কুমার জানান, বিট্রিশ আমল থেকে আমাদের বাপ-দাদারা এ আদিবাসী পাড়ায় মনসা পূজা করে আসাছে।

এবছর আদিবাসী পূজা কমিটির ও ওয়েভ ফাউন্ডেশনের সহযোগিতায় মনসা পূজা পালিত হচ্ছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ্যাসেম্বলীর এর আয়োজনে জীবননগর পৌর শহরের ৭নং ওর্য়াড দত্তনগর রোডে স্বেচ্ছা শ্রমে মিত্রতা নামের বাঁশের সাঁকো নির্মান কাজের উদ্বোধন করা হয়।

ইয়ুথ এ্যাসেম্বলী জীবননগর শাখার সভাপতি মিথুন মাহমুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সাঁকো নির্মান কাজের উদ্ভোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম,ওয়েভ ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক আনোয়ার হোসেন,মাই টিভির সিনিয়ার রিপোর্টার এস কে লিটন,

জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,জীবননগর ডিগ্রী কলেজের প্রভাষক আসমা আক্তার,ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ,সমন্বয়কারী মুকুল হোসেন,আঃ সালাম,আশরাফুল ইসলাম,আশাদুজ্জামান লিটন,ইয়ুথ এ্যাসেম্বলীর এর সদস্য লাবনী,তুহিন,সাদিয়া,নিশান,রমজান,সম্রাট,শিলা,ওমর,জাহিদ,মুসা,স্বর্ণা প্রমুখ।

মেহেরপুর পুলিশের সচেতনতামূলক কার্যক্রম

মেহেরপুর জেলায় সাধারণ মানুষের মধ্যে শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে জেলা পুলিশ মেহেরপুরে সচেতনতামূলক কার্যক্রমসহ জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ অব্যাহত বয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে পুলিশ সুপার এসএম মুরাদ আলির নিদের্শনায় শহরের হোটেল বাজার, কোর্টমোড় এলাকা, কলেজ মোড়সহ বিভিন্ন এলাকায় সচেতনতামূলক কার্যক্রমসহ জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেছে জেলা পুলিশ।

এ সময় পুলিশের পক্ষ থেকে জনগণকে সতর্ক থাকা এবং মাস্ক ছাড়া ঘরের বাইরে বের না হওয়ার আহবান জানানো হয়। একই সাথে মাস্ক ছাড়া অসচেতনভাবে রাস্তায় ঘোরাঘুরি করলে আইনত ব্যবস্থা নেওয়ার কথা বলা হয় পুলিশ সদস্যরা।

মেহেরপুরে আরও ২৭ আনসার সদস্যের প্রত্যাবর্তন

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মেহেরপুর জেলা পুলিশে কর্মরত আনসার সদস্যদের প্রত্যাবর্তন শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ দ্বিতৃয় পর্বে নিজ ব্যাটেলিয়ানে ফিরে গেলেন আরও ২৭ জন আনসার সদস্য।

আজ বৃহস্পতিবার সকালের দিকে মেহেরপুর পুলিশ লাইন প্রাঙ্গণে আনসার সদস্যদের বিদায় জানানো হয়। এসময় বিদায়ী আনসার সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এসময় বিদায়ী আনসার সদস্যদের ফুলেল শুভেচ্ছা করেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জামিরুল ইসলাম।

এ নিয়ে মোট ৫৪ জন আনসার সদস্য নিজ ব্যাটেলিয়ানে ফিরে গেলেন

মেহেরপুরে দুই হেরোইন সেবন কারীর কারাদণ্ড

মেহেরপুরের কোট পাড়ায় দুই হেরোইন সেবন কারীকে তিন মাসের কারাদণ্ড ও তিনশত টাকা জরিমানা আদায় করা হয়েছে।

মঙ্গলবার রাতে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের

পরিদর্শক শাহজালালের নেতৃত্বে কোটপাড়ায় সুলতান আলী ও নবিরুল ইসলাম কে হিরোইন সেবন করার সময় আটক করা হয়।

এসময় সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম সেখানে উপস্থিত থেকে ভ্রাম্যমাণ আদালাত বসিয়ে জিন্নাত আলীর ছেলে সুলতান আলী ও মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের আইয়ুব আলীর ছেলে নবিরুল ইসলাম কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর ৩২ (১) সারণির ১৫ ধারা মোতাবেক সুলতান আলীকে ৩ মাসের কারাদণ্ড ২শ টাকা জরিমানা অনাদায়ে আরও তিন দিনের জেল ও নবিরুলকে ৩ মাসের কারাদণ্ড ১শ টাকা জরিমানা অনাদায়ে আরও তিন দিনের জেল দেয়া হয়েছে।

গাংনীর তেঁতুলবাড়ীয়ায় সে¦চ্ছাসেবক লীগের আলোচনা সভা

গাংনীর তেঁতুল বাড়ীয়া ইউনিয়নের হিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আওয়মী সেচ্ছা সেবক লীগের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার বিকাল ৪ টার সময় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ আরিফুল এনাম (বকুল)।

গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন যুগ্ম আহবায়ক মোঃ আরিফুল ইসলাম সোবাহান।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ, সে¦চ্ছাসেবক লীগের নেতা ও কর্মীবৃন্দ।